নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৬৫ ১১ ডিসেম্বর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ইজিপি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'কমপ্রিহেনসিভ ট্রেনিং অন প্রকিউরমেন্ট এন্ড ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ইজিপি)' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১১ ডিসেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।

এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বিশ্ববিদ্যালয়ে গবেষণার পাশাপাশি দাপ্তরিক ও প্রশাসনিক কর্মকাণ্ড সুচারুরুপে সম্পাদনের লক্ষ্যে ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়নের ওপর গুরুত্বারোপ করেন। এ ধরণের প্রশিক্ষণের আয়োজন এ বিষয়ে দক্ষতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এর সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিলর মোঃ আমিনুল ইসলাম। প্রশিক্ষণে কোর্স ডিরেক্টর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম।

প্রশিক্ষণের রিসোর্স পার্সন মোঃ আমিনুল ইসলাম বলেন, ২০২৫ সালে পিপিআর-এর নতুন বিধিমালায় বেশকিছু পরিবর্তন সাধিত হয়েছে। বিভিন্ন ধারায় পরিমার্জন এনে মোট ১৫৪ টি বিধি নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে সরকারি বিভিন্ন ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত হবে এবং টেকসই সরকারি ক্রয় প্রক্রিয়ার প্রবর্তন হবে। যা এসডিজিতে ইতিবাচক প্রভাব ফেলবে।

দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪